সিতাসিতৈঃ॥ স্বস্তিকৈঃ শঙ্খপদ্মৈশ্চ সার্চ্চয়ন্তী মুহুর্মুহুঃ॥ দৃষ্টা সুমন্তুনা শীলা কদাচিৎ প্রাপ্তযৌবনা। তাং দৃষ্ট্বা চিন্তয়ামাস বরান্ বিগণয়ন্ ভুবি॥ ঋষিসংঘৈঃ পরিবৃতঃ সুমন্তুঃ প্রত্যভাষত। কন্যার্থমাগতঃ শ্রীমান্ কৌণ্ডিল্যো মুনিসত্তমঃ॥ শীলাং দদৌ সুমন্তুশ্চ কৌণ্ডিল্যায় শুভে দিনে। গৃহোক্তবেদবিধিনা বিবাহমকরোদ্দ্বিজঃ॥ নির্বর্ত্ত্যোদ্বাহিকং কর্ম্ম প্রোবাচ কর্কশাং দ্বিজঃ। কিঞ্চিদ্ভদ্রে ধনং দেয়ং জামাতুঃ পারিতোষিকং॥ তচ্ছ্রুত্বা কর্কশা ক্রুদ্ধা প্রবিশ্য গৃহমণ্ডলং। কপাটং সুস্থিরং দত্বা পারুষ্যমবদদ্ভৃশং॥ হোমাবশিষ্ট-দ্রব্যেণ পাথেয়মকরোদ্দ্বিজঃ॥ কৌণ্ডিল্যোঽপি বিবাহেনামগমৎ প্রাতরেব চ। শীলাং সুশীলামাদায় গোযানেন স্বমন্দিরং॥ ততো মধ্যাহ্নসময়ে সংপ্রাপ্তে তু সরিত্তটে। অবতীর্য্য দ্বিজস্তত্র স্নানং চক্রে নৃপোত্তম॥ তস্যাস্তু সবিতস্তীরে গোময়েনোপলেপিতে। দদর্শ শীলা সা স্ত্রীণাং সমূহং রক্তবাসসং॥ চতুর্দ্দশ্যামর্চ্চয়ন্তং ভক্ত্যানন্তং পৃথক্ পৃথক্। উপবিশ্য শনৈঃ শীলা পপ্রচ্ছ স্ত্রীকদম্বকং॥ নার্য্যঃ কিমেতন্মে ব্রূত কস্যৈতৎ ব্রতমীদৃশং। তামূচুর্য্যোষিতঃ সর্ব্বাঃ অনন্ত ইতি বিশ্রুতঃ॥ তস্যৈব দেবদেবস্য সর্ব্বকামপ্রদং ব্রতং।

সা ব্রবীদহমপ্যেতৎ করিষ্যে ব্রতমুত্তমং॥ বিধানং কীদৃশং তস্য কিন্দানং কিঞ্চ পূজনং॥ নার্য্যঃ উচুঃ। শুক্লপক্ষে চতুর্দ্দশ্যাং মাসি ভাদ্রপদে ব্রতং। কর্ত্তব্যং সরিতস্তীবে তড়াগে বা সুশোভনে। স্নাত্বানন্তং নমস্কৃত্য নববস্ত্রধরঃ শুচিঃ॥ শুচৌ দেশে সমালিপ্য গোময়েন বিচক্ষণঃ। মণ্ডলং কারয়েত্তত্র সর্ব্বতোভদ্রসংজ্ঞকং॥ কৃত্বা দর্ভময়ং দেবং বারিধানী-সমন্বিতং। পুষ্পধূপাদিভির্দেবমনন্তং পূজয়েদ্ধরিং॥ ধ্যাত্বা নারায়ণং দেবমনন্তং বিশ্বরূপিণং। অনন্তসংসারমহাসমুদ্রে মগ্নান্ সমভ্যুদ্ধর বাসুদেব॥ অনন্তরূপে বিনিযোজয়স্ব হ্যনন্তরূপায় নমো নমস্তে। মন্ত্রেণানেনার্চ্চয়িত্বা ফলানি চ চতুর্দ্দশ॥ পূপপ্রস্থদ্বয়ঞ্চৈব ঘৃতপক্কং নিবেদয়েৎ॥ অর্দ্ধং বিপ্রায় দাতব্য-মর্দ্ধমাত্মনি যোজয়েৎ। চতুর্দ্দশগ্রন্থিযুক্তং পূজয়িত্বা সুডোরকং॥ অনন্ত ইতি মন্ত্রেণ নারী বামকরে পুনঃ। দক্ষিণে চ পুমান্ কুর্য্যাৎ ধ্যাত্বানন্তং সনাতনং॥ দক্ষিণাং বিধিবদ্দত্ত্বা বিপ্রান্ সন্তোষয়েদ্ভৃশং। যোহনন্তস্য ব্রতং কুর্য্যাদ্বর্ষাণি নবপঞ্চ চ॥ সর্ব্বান্ কামানবাপ্নোতি বিষ্ণুলোকং স গচ্ছতি। সাপি তাসাং বচঃ শ্রুত্বা শীলা বদ্ধা সুডোরকং॥ ব্রতং চক্রে তথা তাভির্দৈত্তৈর্গন্ধাদিভিস্তথা। পাথেয়শেষং বিপ্রায়

দত্বা ভুক্ত্বা তথৈব চ॥ আজগামাথ সা হৃষ্টা গোযানেন স্বমাশ্রমং। তেনানন্তপ্রভাবেণ বহুগোধনসঙ্কুলং॥ সুবর্ণমণিমাণিক্যরত্নরৌপ্যধনানি বৈ। দাসদাসীসহস্রাণি মেষাশ্ব-মহিষাদিভিঃ॥ গৃহং তস্যাঃ শ্রিয়া যুক্তং ধনধান্যসমাকুলং। শীলা মাণিক্যকাঞ্চীভি-র্মুক্তাহারৈর্বিভূষিতা॥ দিব্যবস্ত্রসমাচ্ছন্না রতীব প্রতিমাভবৎ। ততঃ কালেন কিয়তা সমায়াতে হিমাগমে॥ কদাচিদুপবিষ্টস্তু কৌণ্ডিল্যো বহ্নিসন্নিধৌ: শীলয়া সহিতো বিপ্রস্তাপয়ন্নগ্নিমুত্তমং॥ শীলায়াঃ বামহস্তে তু দৃষ্ট্বা বদ্ধং সুডোরকং। কিমিদং ডোরকং হস্তে শীলাং প্রোবাচ সঃ দ্বিজঃ॥ সুবর্ণমণিমাণিক্যভূষিতে বাহুপল্লবে। তন্মধ্যে সূত্রডোরঞ্চ কিমিদং ধার্য্যতে ত্বয়া॥ শীলোবাচ। অনন্তস্য হি দেবস্য ব্রতাঙ্গং সূত্রডোরকং। যৎপ্রসাদাত্তু ধর্ম্মজ্ঞ ধনধান্যং গৃহে তব॥ তচ্ছ্রুত্বা প্রবদত্তান্তু মুনিঃ কোপপরায়ণঃ। কোহনন্ত ইত্যুদীর্য্যাথ ধৃত্বা চ করপল্লবং॥ হস্তাদাকৃষ্য তড্ডোরং ক্ষিপ্তবান্ পাবকোপরি। হাহা কৃত্বা চ তড্ডোরং ক্ষীরে নির্ব্বাপিতং সতী॥ তৎসূত্রং পট্টসূত্রেণ বেষ্টয়িত্বা পুনর্দধৌ। বিস্ময়াপন্নহৃদয়া মনসেদং ব্যচিন্তয়ৎ॥ ইত্থং বিচিন্ত্য সা সাধ্বী তূষ্ণীমালম্ব্য সংস্থিতা।

তে। কর্ম্মবিপাকেন তস্য সা শ্রীঃ ক্ষয়ং গতা। অনন্তাক্ষেপদোষেণ জাতাস্তস্য বিপদ্‌গণাঃ। কিয়দ্বিত্তং জলে মগ্নং স্থলে দগ্ধঞ্চ বহ্নিনা। সুবর্ণমণিমাণিক্যং রাজ্ঞা বৈ সংহৃতং বলাৎ॥ গোধনং তস্করৈর্নীতং গৃহঞ্চাগ্নিপ্রদীপিতং॥ যত্র যে বৈ গতা গেহাৎ তে তত্রৈব চ সংস্থিতাঃ। স্বজনৈঃ কলহো নিত্যং তর্জ্জনং গর্জ্জনং তথা॥ অনন্তাক্ষেপদোষেণ মম দুর্গতিরীদৃশী। ইতি মত্বা দ্বিজশ্রেষ্ঠঃ শীলাং পপ্রচ্ছ দুঃখিতঃ॥ ব্রাহ্মণ উবাচ। কথমেতন্মহাদৈন্যমকস্মাৎ সমুপস্থিতঃ যদি জানাসি চার্ব্বঙ্গি কারণং কথয়স্ব মে॥ ততঃ সা বিনয়ৈর্যুক্তা বক্তুং কিঞ্চিৎ প্রচক্রমে॥ শীলোবাচ। যদনন্তস্য ডোরং তে ক্ষিপ্তমাসীচ্চ পাবকে। নূনং তেন স্বদোষেণ সংপ্রাপ্তেয়ং বিপদ্দশা॥ স শীলা বচনং শ্রুত্বা কৌণ্ডিল্যশ্চিন্তিতোঽভবৎ। অনন্তাক্ষেপদোষেণ জাতদৈন্যো হি নিশ্চিতং॥ তস্মাদনন্তমুদ্দিশ্য গন্তব্যং গহনং বনং। ইতি নিশ্চিত্য মুনিনা কৌণ্ডিল্যেন তথা কৃতং॥ কুত্র পশ্যামি তং দেবং ব্রুবন্নেব বনং যযৌ। ব্রতঞ্চ নিয়মঞ্চৈব ব্রহ্মচর্য্যং চরন্ দ্বিজঃ॥ বিকলঃ প্রযযৌ পার্থ সোঽরণ্যং জনবর্জ্জিতং॥ তত্রাপশ্যন্মহাচ্যুতং ফলিতং পুষ্পিতং তথা। বর্জ্জিতং পক্ষিসংঘেন কীটৈকৈশ্চ বিশেষতঃ॥

তমপৃচ্ছদ্দ্বিজোঽনন্তঃ কশ্চিদ্দৃষ্টস্ত্বয়া ক্রমঃ। চ্যুতক্রমোঽপ্যুবাচৈনং নানন্তো বীক্ষিতো ময়া ॥
অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী ॥ এবং নিরাকৃতস্তেন গাং দদর্শ সবৎসিকাং।
তৃণমধ্যে প্রধাবন্তীমিতশ্চেতশ্চ পাণ্ডব ॥ সোঽব্রবীদ্ধেনো মে ব্রূহি কিমনন্ত স্তয়েক্ষিতঃ।
গৌরপ্যুবাচ কৌণ্ডিল্যং নানন্তো বীক্ষিতো ময়া ॥ অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী।
ততো ব্রুবন্ দদর্শাগ্রে গোবৃষং শাদ্বলে স্থিতং ॥ দৃষ্ট্বা পপ্রচ্ছ গোস্বামিন্ কিমনন্তস্তয়েক্ষিতঃ।
গোবৃষস্তমুবাচাথ নানন্তো বীক্ষিতো ময়া। অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী ॥
ততো ব্রজন্ দদর্শাগ্রে রম্যং পুষ্করিণীদ্বয়ং। ছন্নং কুমুদকহ্লারৈঃ কমলোৎপলমণ্ডিতং ॥
অন্যোন্যজলকল্লোলবীচিবিক্ষেপশীকরং। প্রাণিভির্ন হি পীয়ন্তে তজ্জলানি তৃষার্ত্তিভিঃ ॥
একস্তু ভ্রমরৈর্হংসৈশ্চক্রবাকৈশ্চ সেবিতং। অন্যং পক্ষিগণৈর্হীনং পদ্মসৌগন্ধিবর্জ্জিতং ॥
পুষ্করিণ্যৌ চ পপ্রচ্ছ কিমনন্ত স্তয়েক্ষিতঃ। আবাভ্যাং বীক্ষিতো বিপ্র নানন্তস্তৌ তমূচতুঃ ॥
ততো ব্রজন্ দদর্শাগ্রে গর্দ্দভং কুঞ্জরং তথা। খরশ্চ কুঞ্জরঃ পৃষ্টঃ কিমনন্তস্ত্বয়েক্ষিতঃ ॥
তমুচতুস্ত্বাবাভ্যাং নানন্তো বীক্ষিতঃ ক্বচিৎ। তয়োর্বার্ত্তামবজ্ঞায় ততশ্চিন্তাপরোঽভবৎ ॥

শ্রীমন্নাথ পরিত্রাহি ব্রুবন্ স মূর্চ্ছিতো ভুবি। তস্মিন্ ক্ষীণেঽতিনির্ব্বিণ্নে কৌণ্ডিন্যে মুনিসত্তমে॥ কৃপয়ানন্তদেবোঽপি প্রত্যক্ষং সমুপাগতঃ। বৃদ্ধব্রাহ্মণরূপেণ প্রত্যক্ষমভবত্তদা॥ ঈষদ্ধাস্যসমাযুক্তো বভাষে তং দ্বিজোত্তমং॥ উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভো বিপ্র ত্যজ খেদং মুদং কুরু। দর্শয়ামি তবানন্তং ভক্তানুগ্রহকারকং॥ ইত্যুক্ত্বা চ করে ধৃত্বা প্রবিবেশ গুহাগৃহং। স্বরূপং দর্শয়মাস দিব্যনারীগণৈর্বৃতং॥ সিংহাসনে সুখাসীনং শঙ্খচক্রাব্জশোভিতং। গদয়া গরুড়েনাপি সেবিতং বিশ্বরূপিণং॥ তং দৃষ্ট্বা স দ্বিজো ভূমৌ দণ্ডবন্নিপপাত হ॥ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ। ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো ভব॥ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতং। যত্তবাঙ্ঘ্রি যুগাব্জাগ্রে মূর্দ্ধা মে ভ্রমরায়তে॥ জানতাঽজানতা বাপি যোঽপরাধঃ কৃতো ময়া। তৎক্ষমস্ব জগন্নাথ তদ্ব্রতং প্রকরোম্যহং॥ ততঃ প্রসন্নো ভগবান্ সর্ব্বভূতান্তরস্থিতঃ। উবাচ তং মহাভাগং কৌণ্ডিন্যং ভক্তবৎসলং॥ তচ্ছ্রুত্বানন্তদেবোঽপি দদৌ তস্মৈ বরত্রয়ং। দারিদ্র্যনাশনং ধর্ম্মং বিষ্ণুলোকমথাক্ষয়ং॥ তস্মাৎ বিপ্র গৃহং গচ্ছ ধনধান্যসুতান্বিতঃ॥ শীলয়া সহিতঃ স্বর্গ-মন্তকালে প্রযাস্যসি॥

প্রতিগৃহ্য দ্বিজোহপ্যাহ ভগবন্ কিং ময়েক্ষিতং॥ প্রসন্নো যদি মে দেব কথয়স্ব মহাপ্রভো।
যোযো দৃষ্টো ময়ারণ্যে কে তে চূতদ্রুমাদয়ঃ॥ কোহয়ং বৃষশ্চ কা ধেনুর্ব্বৃক্ষঃ পুষ্করিণীদ্বয়ং।
কঃ খরঃ কুঞ্জরো বাপি তন্মে ব্রূহি জনার্দ্দন॥ শ্রীভগবানুবাচ। যো বৈ চূতস্ত্বয়া
দৃষ্টস্ত্বভোগ্য ফলপুষ্পকঃ। গোদাবরীতীরবাসী স বিদ্যাপতিনামকঃ॥ বেদবিদ্যাসমাযুক্তঃ
সর্ব্ব শাস্ত্র বিশারদঃ। উপসন্নেভ্যঃ শিষেভ্যো গর্ব্বাদ্বিদ্যাং ন দত্তবান্॥ অভোগ্যং
ফলকীটৈশ্চ তেনাসৌ চূততাং গতঃ॥ সা গৌর্ব্বসুন্ধরা যা তু নিষ্ফলা প্রতিপাদিতা।
(পুরা কৃতবতী কাচিৎ নিষ্ফলা ভূমিদানতঃ। গৃহীতা তেন পাপেন বনগৌ নির্জ্জনেহভবৎ)।
অরণ্যে গোবৃষোবিপ্রস্ত্বয়া দৃষ্টঃ সুবিস্মিতঃ। কর্ম্মচৌরোহভিদুষ্টাত্মা সেবকঃ প্রভুবঞ্চকঃ॥
তেন পাপেন দুষ্টাত্মা বৃষভোহসৌ বনেহভবৎ। পুষ্করিণ্যৌ চ যে দৃষ্টে ভবতা দ্বিজসত্তম॥
পুরা তাভ্যাং সপত্নীভ্যামন্যোন্যং বঞ্চিতঃ পতিঃ। তেনৈবাদানমাত্রেন পুষ্করিণ্যৌ বভুবতুঃ॥
কুঞ্জরো মদগর্ব্বত্বাৎ খরস্তু ক্রোধসম্ভবঃ॥ ব্রাহ্মণোহমনস্তোহস্মি (বনং সংসারসাগরং)
গৃহং গচ্ছ ব্রতং কুরু॥ পুনস্তব সমৃদ্ধিশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ। ভুক্‌ত্বা ভোগাংশ্চ

বিপুলান্ সংপ্রাপ্স্যসি পরং পদং॥ ইতি তস্মৈ বরং দত্ত্বা স দেবোঽন্তর্দধেপি চ। ততো বিপ্রো ব্রজন্ মার্গে তান্ সর্ব্বাংশ্চ দদর্শ হ॥ তেভ্য এবং সমুক্ত্বা চ জগাম নিজ-মন্দিরং। ধনঞ্চ পূর্ব্ববদ্দৃষ্ট্বা ব্রতং কৃত্বা যথাবিধি॥ শীলয়া সহ ধর্ম্মাত্মা ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্। অন্তে জগাম স মুনির্বিষ্ণুলোকমথাক্ষয়ং॥ অনন্তব্রতধর্ম্মেণ পরিপূর্ণেন পার্থিব। অনন্তস্য প্রিয়োভূত্বা পদং গচ্ছস্ত্যনাময়ং॥ শৃণোতি যো বৈ সততং বাচ্যমানো যুধিষ্ঠির। ব্রহ্মহাপি বিমুক্তঃ সন্ পরং যাতি পদং ধ্রুবং॥ ইদং ব্রতং ময়োক্তন্তে ত্বয়া প্রোক্তং যদীপ্সিতং। লোকানামুপকারায় অবতীর্ণোঽস্মি ভূতলে॥ এবং ময়া তে কথিতং ব্রতানাং ব্রতমুত্তমং। চরানন্তব্রতং পার্থ বর্ষাণি নবপঞ্চ চ॥ সর্ব্বদুঃখাদ্বিনিস্তীর্য্য মামন্তে তমবাপ্স্যসি॥ ইতি ভবিষ্য পুরাণোক্তানন্তব্রতকথা সমাপ্তা॥

অনন্তব্রত ব্যাখ্যা। অরণ্যে অবস্থিত দুঃখিত পাণ্ডবগণ একদা শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া তাঁহার নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন, হে পুরুষোত্তম আমরা দুঃখে নিপতিত হইয়াছি, এই অনন্ত দুঃখ সাগর হইতে কিরূপে আমরা উত্তীর্ণ হইব। শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন। হে যুধিষ্ঠির! অনন্তব্রতনামক একটী ব্রত

আছে তাহা স্ত্রীপুরুষ সকলেরই পাপ নাশক এবং মঙ্গলপ্রদ ভাদ্রমাসীয় শুক্লা চতুর্দ্দশীতে এই ব্রতের অনুষ্ঠান করিতে হয়। যুধিষ্ঠির বলিয়াছিলেন হে কৃষ্ণ! অনন্ত কে? অনন্ত নাগরাজ বাসুকি বা তক্ষক কিম্বা অন্য কোন নাগ অথবা পরমাত্মা ব্রহ্ম তিনি কে তাহা বলুন; ভগবান্ বলিলেন আমিই অনন্ত আদিত্যের গতিদ্বারা কলা কাষ্ঠা মুহূর্ত্ত প্রভৃতি যে কালস্রোত প্রবাহিত হইতেছে, ইহাই আমার অনন্ত রূপ জানিবে। পৃথিবীর ভারহরণ এবং অসুর নাশাদির জন্য আমিই কৃষ্ণ বিষ্ণু প্রভৃতি রূপে অবতীর্ণ হইয়া থাকি, আমিই বিশ্বরূপ ঈশ্বর, সপ্তর্ষিমণ্ডল, সাগর, পর্ব্বত, মহারণ্য প্রভৃতি আমারই রূপ ইহাতে সংশয় করিও না, যুধিষ্ঠির বলিলেন, হে বেদবিদ্‌শ্রেষ্ঠ! অনন্তব্রতে কি পুণ্য হয়, উহার বিধানই বা কিরূপ পূর্ব্বে অপর কোন্ ব্যক্তিই বা উহার আচরণ করিয়াছিল; ইহা বিস্তৃতরূপে বলুন; ভগবান্ বলিয়াছিলেন, সত্যযুগে সুমন্ত নামক কোন ব্রাহ্মণের দীক্ষা নাম্নী পত্নীর গর্ব্ভে শীলা নাম্নী একটি কন্যা জন্মিয়াছিল, কালক্রমে শীলার মাতা জ্বরপীড়ায় প্রাণত্যাগ করিলে, সুমন্ত কর্কশা নাম্নী অন্য কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন ঐ কর্কশা অতিশয় দুঃশীলা ও কর্কশ ভাষিণী ছিলেন।

সেই শীলা পিতৃগৃহে গৃহকর্ম্ম নিপুণা হইয়া সকলের প্রিয়া হইয়াছিলেন, কালক্রমে সুশীলা-শীলাকে যৌবন প্রাপ্তা দেখিয়া সুমন্ত চিন্তিত হইলেন, সেইকালে মুনিসত্তম কৌণ্ডিল্য আসিয়া শীলাকে প্রার্থনা

করিলে সুমন্ত শুভদিনে কৌণ্ডিন্যকে কন্যাদান করিয়াছিলেন কিন্তু কর্কশা সপত্নী-জামাতাকে কিছুমাত্র যৌতুক দ্রব্য দিলেন না সুতরাং কৌণ্ডিন্য হোমাবশিষ্ট ঘৃত ও শস্যাদি পাথেয় নিমিত্তক সংগ্রহ করিয়া লইয়া শীলা সমভিব্যাহারে রথারোহণ পূর্ব্বক গৃহে গমন করিলেন। পথিমধ্যে মধ্যাহ্ন সময়ে কোন নদীর তীরে দম্পতী অবতরণ করিয়া স্নানাদি সমাধা করিলেন। সেই নদীতীরে শীলা দেখিলেন, উত্তমবস্ত্র পরিধানা নারীগণ অনন্তদেবের পূজা করিতেছেন, শীলা তথায় উপবেশন পূর্ব্বক ব্রতের বিষয় অবগত হইয়া, উহাঁদিগের সহিত ঐ ব্রতের অনুষ্ঠান করিয়া তাঁহাদিগকে ঐ ব্রতের বিশেষ বিবরণ জিজ্ঞাসা করিলে, নারীগণ বলিয়াছিলেন, ইহা অনন্তদেবের ব্রত, ভাদ্র শুক্লা চতুর্দ্দশীতে নদী বা তড়াগাদির তীরে মণ্ডপের উপর "অনন্ত সংসার মহা সমুদ্রে" ইত্যাদি মন্ত্রদ্বারা অনন্তদেবের পূজা ও তদুদ্দেশে ভোজ্যাদি ও চতুর্দ্দশ ফল দান করিতে হয় এবং পূজান্তে চতুর্দ্দশ গ্রন্থিযুক্ত ডোর বামকরে ধারণ করিয়া ঘৃতপক পিষ্টক নিবেদন পূর্ব্বক ,অর্দ্ধেক ব্রাহ্মণকে দিয়া, অবশিষ্ট অর্দ্ধেক স্বয়ং ভোজন করিতে হয়, যে ব্যক্তি চতুর্দ্দশ বৎসর এই ব্রতের অনুষ্ঠান করিবেন, তিনি ইহ লোকে অনন্ত সুখসম্পদ ভোগ করিয়া অন্তিমে সেই অনন্তরূপ ভগবচ্চরণে লীন হইবেন। শীলা অবলাগণের বাক্য শ্রবণ করিয়া ব্রতারম্ভ জন্য ডোরক ধারণ পূর্ব্বক স্বামিগৃহে গমন করিলেন এবং অনন্তদেবের প্রসাদে অল্পকাল মধ্যেই বহু ধন ও

ধান্যে আলয় পূর্ণ হইল, দাস দাসী গো কাঞ্চনাদি কিছুরই অভাব রহিল না, এই প্রকারে দম্পতী অতুল ঐশ্বর্য্য ভোগদ্বারা কালযাপন করিতে লাগিলেন। কোন সময়ে হেমন্তকালে, দম্পতী বহ্নি সেবা করিতেছেন সেইকালে কৌণ্ডিল্য শীলার হস্তে সূত্রডোরক দেখিয়া জিজ্ঞাসা করিলেন, স্বর্ণালঙ্কার মধ্যে সূত্র ধারণ করিতেছ কি জন্য? উহা কি আমার বশীকরণ নিমিত্ত কল্পিত হইয়াছে? শীলা বলিলেন ইহা অনন্তদেবের ডোরক, মুনি উহ' অগ্রাহ্য করিয়া বলদ্বারা আকর্ষণ পূর্ব্বক প্রজ্জ্বলিত হুতাশনে নিক্ষেপ করিলে, শীলা হাহাকার ধ্বনি করিয়া ঐ ডোরক গ্রহণ পূর্ব্বক শীতল দুগ্ধে স্থাপন করিয়া ঐ সূত্র পট্টসূত্রের সহিত পুনশ্চ ধারণ করিলেন এবং স্বামীর বুদ্ধি বিপর্য্যয় জন্য অনুতাপ করিতে লাগিলেন। [ব্যবহার বশতঃ কথা শ্রবণের সময় পুরাতন ডোরক দুগ্ধে নিক্ষেপ করা হয়] সেই কর্ম্মবিপাক হেতু কৌণ্ডিল্যের লক্ষ্মীক্ষয় হইতে আরম্ভ হইল, জল বহ্নি ও তস্করাদিদ্বারা ধন সকল নষ্ট হইতে লাগিল, গৃহ হইতে যে যেদিকে গেল আর প্রত্যাবর্ত্তন করিল না, আত্মীয়দিগের সহিত সর্ব্বদা বিবাদ হইতে লাগিল।

এই সকল বিপদ দর্শনে কৌণ্ডিল্য চিন্তাব্যাকুলিত হইয়া শীলাকে বিপদের কারণ জিজ্ঞাসা করায় শীলা বলিলেন, অগ্নিতে ডোরক নিক্ষেপ বশতই এই মহাদৈন্য উপস্থিত হইয়াছে, তাহা শুনিয়া কৌণ্ডিল্য

মনে মনে চিন্তা করিয়া, ব্রহ্মচর্য্য ব্রত ধারণ পূর্ব্বক অনন্তের উদ্দেশে বনে গমন করিলেন এবং তথায় উন্মত্তের ন্যায় ভ্রমণ করিতে করিতে ফল ফুল সুশোভিত পক্ষিগণ বর্জ্জিত এক প্রকাণ্ড আম্রবৃক্ষকে সম্মুখে দেখিয়া উহাকে জিজ্ঞাসা করিলেন, হে দ্রুম তুমি অনন্তকে দেখিয়াছ; চূতদ্রুম বলিল আমি অনন্তকে দেখিলে আমার এমন দুরবস্থা কেন হইবে? পরে অগ্রবর্ত্তী গো এবং বৃষকে অনন্তদেবের কথা জিজ্ঞাসা করায় তাহারাও বলিল অনন্তকে দেখিলে আমাদিগের এমন দুর্গতি হইবে কেন? তৎপরে, উন্মত্ত ব্রাহ্মণ সমীপবর্ত্তী দুইটি রমণীয় পুষ্করিণী দেখিতে পাইলেন, ঐ পুষ্করিণীদ্বয় কুমুদ কহ্লার এবং শতদল পদ্মদ্বারা শোভিত, কিন্তু উহার শীতল জল কোন প্রাণীতেই পান করে না, একটি হংস কারণ্ডবাদি সমাকীর্ণ, অপরটি জলচরাদি জন্তু বিহীন। কৌণ্ডিল্য পুষ্করিণীদ্বয়কে জিজ্ঞাসা করিলেন, তোমরা অনন্তকে দেখিয়াছ উহারা বলিল যদি অনন্তকে দেখিব তবে, এ দুঃখভোগ কেন হইবে? পরে, দ্বিজবর সম্মুখে বিচরণশীল গর্দ্দভ ও হস্তিকে অনন্তের বিষয় জিজ্ঞাসা করিলে তাহারাও বলিল আমরা অনন্তকে কখন দেখি নাই, উদ্‌ভ্রান্তচিত্ত কৌণ্ডিল্য অনন্তদেবের উদ্দেশ না পাইয়া সাতিশয় কাতর হইয়া বলিলেন, হে শ্রীমন্! হে নাথ; আমাকে পরিত্রাণ করুন; ইহা বলিয়াই ব্রাহ্মণ মূর্চ্ছিত ও ভূমিতে পতিত হইলেন।

নির্ব্বেদ প্রাপ্ত ক্ষীণকায় কৌণ্ডিল্যের দুরবস্থা দর্শনে অনন্তদেব কৃপা পূর্ব্বক প্রত্যক্ষে বৃদ্ধব্রাহ্মণরূপে

অবতীর্ণ হইয়া সহাস্য বদনে কহিলেন. বিপ্র উঠ উঠ; আমি তোমাকে ভক্তের অনুগ্রহকারক অনন্ত দেখাইতেছি, ইহা বলিয়া ব্রাহ্মণকে গুহা মধ্যে লইয়া যাইয়া, ভক্তবৎসল হরি, সিংহাসনে অবস্থিত শঙ্খ-চক্রাঙ্ক শোভিত দিব্যনারী সমাবৃত চতুর্ভুজরূপ দেখাইলেন। কৌণ্ডিল্য তথায় ঐ রূপদর্শনে বিমুগ্ধহৃদয়ে নানাবিধ স্তব করিয়া দণ্ডের ন্যায় পুনঃ পুনঃ প্রণাম করিতে লাগিলেন।

ভগবান্ স্তব দ্বারা সন্তুষ্ট হইয়া ব্রাহ্মণকে তিনটী বর দিলেন। অনন্তদেব বলিলেন, তোমার দারিদ্র্যনাশ ধর্ম্মসঞ্চয় এবং অন্তিমে শীলার সহিত বিষ্ণুলোক লাভ হইবে। পরে, বরপ্রাপ্ত প্রহৃষ্ট দ্বিজ জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্ আমি যাহাদিগের দেখিয়াছি, উঁহারা কে? ভগবান্ বলিলেন. তোমাকর্ত্তৃক পরিদৃষ্ট যে, আম্রবৃক্ষ উনি গোদাবরী তীরবাসী বিদ্যাপতি নামক ব্রাহ্মণ উপযুক্তশিষ্যকে গর্ব্ববশতঃ বিদ্যা দান না করায় ঐ তরুত্ব প্রাপ্ত হইয়াছেন, নিষ্ফলা ভূমিদানের ফলে কোন.ব্যক্তি ঐ বন্ধ্য গো রূপে অবস্থান করিতেছেন, সপত্নীদ্বয় পরস্পর পতিবঞ্চনা করিয়া কাননে পুষ্করিণী রূপে প্রাদুর্ভূতা হইয়াছেন, অহঙ্কারী কোন ব্যক্তি কুঞ্জর এবং কোন ক্রোধী গর্দ্দভ হইয়াছেন, আমিই ব্রাহ্মণরূপে অনন্ত এবং এই বন সংসার সাগর। ইহা বলিয়া অনন্তদেব অন্তর্হিত হইলে ব্রাহ্মণ বাটীতে আসিয়া পূর্ব্ববৎ শীলার সহিত অতুল ঐশ্বর্য্যভোগ করিয়া অন্তিমে বিষ্ণুলোক প্রাপ্ত হইলেন।

সাবিত্রী ব্রতম্।

স্বস্তিবাচনপূর্ব্বক সংকল্প, যথা,—বিষ্ণুর্নমোঽদ্য জ্যৈষ্ঠে মাসি কৃষ্ণে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথাবারভ্য অমুক গোত্রা শ্রীঅমুকীদেবী অবৈধব্যকামা অদ্যারভ্য চতুর্দ্দশবর্ষপর্য্যন্তং প্রতিবর্ষীয় জ্যৈষ্ঠ কৃষ্ণচতুর্দ্দশ্যাং যথোক্ত বিধিনা সাবিত্রীব্রতমহং করিষ্যে। পুরোহিত সংকল্প সূক্ত পড়িবেন। যজমান কৃতাঞ্জলি হইয়া,—ওঁ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেবি যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তৎ সর্ব্বং সাঙ্গতাং যাতু তৎ প্রসাদাৎ পতিব্রতে॥

পুরোহিত মণ্ডলে বটবৃক্ষ শাখা সহিত ঘটস্থাপন করিয়া বা নারায়ণে পূজা করিবেন। প্রথমতঃ সামান্যার্ঘ্য ও ন্যাসাদি যথাশক্তি করিয়া, গণেশাদির পূজা পূর্ব্বক বটবৃক্ষকে স্নান করাইয়া ঐ বৃক্ষকে স্পর্শ করিয়া পাঠ করিবেন,—ওঁ বটোঽসি বৃক্ষ নাথস্ত্বং খ্যাতো হরিহরাত্মকঃ। ভবতু ত্বৎ প্রসাদেন ব্রতং হি সফলং মম॥ পাদ্যাদি দ্বারা পূজা করিয়া, প্রণাম করিবে,—ওঁ বটবৃক্ষ মহাভাগ জগন্নিস্তারকঃ প্রভো। পৃথিব্যামবতীর্ণোঽসি নমস্যামি সুরেশ্বর॥ সাং হৃদয়ায় নমঃ, ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিবে॥

সাবিত্রীদেবীরধ্যান করিবে, যথা,—ওঁ সাবিত্রীং দ্বিভুজাং পদ্মা-সনস্থাং হংসবাহনাং। শুদ্ধস্ফটিক-সঙ্কাশাং দিব্যাভরণ-ভূষিতাং ॥ পক্কবিম্বাধরৌষ্ঠীঞ্চ পূর্ণচন্দ্রনিভাননাং। ললাটতিলকোপেতাং মধ্যক্ষীণা-মহং ভজে ॥ ধ্যানান্তে মানসপূজা ও বিশেষার্ঘ স্থাপন করিয়া, পীঠপূজা করিবে, যথা,—

ওঁ জ্ঞানায় নমঃ (এইক্রমে) অজ্ঞানায়, বৈরাগ্যায়, অবৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্তয়ে, অনন্তায়, কূর্ম্মায়, সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। বায়ুমণ্ডলায়। মহাদেবায়। বিষ্ণবে। ব্রহ্মণে। দুর্গায়ৈ। লক্ষ্ম্যৈ। সরস্বত্যৈ। ব্রহ্মাণ্যৈ। গঙ্গায়ৈ। যমুনায়ৈ। বাসুদেবায়। সংকর্ষণায়। অনিরুদ্ধায়। নদ্যৈ। নদায়। নগায়। সর্পায়। সর্পগণেভ্যঃ। ইন্দ্রাদিলোকপালেভ্যঃ। আদিত্যাদি নবগ্রহেভ্যঃ। একাদশরুদ্রেভ্যঃ। দ্বাদশাদিত্যেভ্যঃ। দ্বাদশকেশরেভ্যঃ। স্বর্গস্থ দেবতাভ্যঃ। মর্ত্তস্থদেবতাভ্যঃ। পাতালস্থদেবতাভ্যঃ। সর্ব্বেভ্যো দেবেভ্যঃ। সর্ব্বাভ্যো দেবীভ্যঃ। পুনর্ধ্যানানন্তর আবাহন পূর্ব্বক যথাশক্তি পূজা করিয়া,

স্তুতি সমন্বিত প্রণাম করিবে,—ওঁ দেবাসুরমনুষ্যাণাং পূজনীয়া বিধানতঃ। পতিব্রতে মহাভাগে বন্দিতে চ শুচিস্মিতে। অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে। পুত্রং পৌত্রঞ্চ মোক্ষঞ্চ দেহি দেবি নমোঽস্তু তে॥ সাবিত্রী ব্রহ্মগায়ত্রী সত্যবাক্ প্রিয়ভাষিণী॥ তেন সত্যেন মাং ত্রাহি সদ্যঃ সংসারসাগরাৎ। দৃঢ়ব্রতে দৃঢ়মতে ভর্ত্তৃষু প্রিয়ভাষিণি। অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে। গৌরী ত্বং হি শচী ত্বং বৈ ত্বং প্রভা চন্দ্রমণ্ডলে। ত্বমেব জগতাং মাতা ত্বং মাং পাহি বরাননে। ত্রিসন্ধ্যং সর্ব্বভূতানাং বন্দনীয়াসি সুব্রতে। ময়া দত্তামিমাং পূজাং গৃহাণ ত্বং নমোঽস্তু তে। যন্ময়া দুষ্কৃতং কিঞ্চিৎ কৃতং জন্ম শতৈরপি। ভস্মী ভবতু তৎ সর্ব্ব-মবৈধব্যঞ্চ দেহি মে॥

যমের ধ্যান।—ওঁ যমঞ্চ কৃষ্ণবর্ণাভং দ্বিভুজং রক্তলোচনং। দক্ষে দণ্ডধরং বাম হস্তে পাশধরং বিভুং। দংষ্ট্রা করালবদনং দেবং মহিষবাহনং। মহাকায়ং ধর্ম্মরাজং বিষ্ণুভক্ত-জনপ্রিয়ং॥ এতৎপাদ্যং ওঁ চতুর্দ্দশ যমেভ্যো নমঃ (এইক্রমে) চতুর্দ্দশ যমের পূজা করিবে।

যম প্রণাম। ওঁ সূর্য্যপুত্র জগন্নাথ সর্ব্বপ্রাণেশ্বর প্রভো। প্রসাদাত্তব দেবেশ দীর্ঘায়ুরস্তু মে পতিঃ। প্রসাদাত্তব দেবেশ ব্রতমেতৎ করোম্যহং ॥

তৎপরে, দ্যুমৎসেন, শৈব্যা, অশ্বপতি, মালবী ইহাঁদিগকে পঞ্চোপচারে পূজা করিয়া, ওঁ সাবিত্রী-সত্যবদ্ভ্যাং নমঃ' পাদ্যাদি দ্বারা পূজা করিবে। পরে, স্বীয় শ্বশুর শাশুড়ী এবং স্বামিকে বস্ত্রাদি দ্বারা অর্চ্চনা করিবে, তৎপরে, ভোজ্য উৎসর্গ, ভোগ দান ও আরত্রিকাদি করিয়া কথা শুনাইবে।

অথ কথা। বনবাসগতো রাজা ধর্ম্ম পুত্রো যুধিষ্ঠিরঃ। ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈঃ দ্রৌপদ্যা চ সমন্বিতঃ॥ মার্কণ্ডেয়ং মহাত্মানং মুনিং ধর্ম্মভৃতাং বরং। পপ্রচ্ছ রাজ-শার্দ্দুলো বিনয়াবনতঃ স্থিতঃ॥ যুধিষ্ঠির উবাচ। ভগবন্ দীর্ঘজীবি ত্বং দৃষ্টলোক-পরাবরঃ। দৃষ্টা পূর্ব্বং ত্বয়া কাচিৎ ক্বচিদেবং পতিব্রতা॥ স্বয়ং প্রাপ্য মহৎ কষ্টং ভর্ত্তুরুদ্ধারকারিণী। যথৈবং দ্রৌপদী কৃষ্ণা তন্মঃ সংশিতুমর্হসি॥ এবমুক্তো নৃপেনাথ মার্কণ্ডেয়ো মহাতপাঃ। কথাং স কথয়ামাস ধর্ম্মরাজায় ধীমতে॥ মার্কণ্ডেয় উবাচ।

মদ্রদেশে মহারাজ বভূবাশ্বপতির্নৃপঃ। ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ প্রজাপালনতৎপরঃ॥
অভূত্তস্য মহাদেবী মালবী নাম সুন্দরী। পতিব্রতা মহাভাগা শীলাচারসমন্বিতা॥
অনপত্যঃ স রাজর্ষি সাবিত্রীং সমপূজয়ৎ। ষষ্ঠে ষষ্ঠে তদা কালে বভুব মিতভোজনঃ॥
এতেন নিয়মেনাসীদ্বর্ষাণি চ চতুর্দ্দশ। সাবিত্র্যাহুতবানগ্নিং পুত্রকামো মহামনাঃ॥
অথাগ্নিহোত্রে সাবিত্রী তস্য প্রত্যক্ষতাং গতা। বরং দদৌ নৃপায়াথ কন্যা তব ভবিষ্যতি॥ বংশস্থিতিকরী বাক্যং ন বক্তব্যং ত্বয়ানঘ। ইত্যুক্ত্বান্তর্দধে দেবী সাবিত্রী নৃপসত্তম॥ অথ সা মালবী রাজ্ঞো মহিষ্যশ্বপতের্নৃপ। প্রাসূত কন্যাং সংযুক্তাং লক্ষণৈর্লোকসুন্দরীং॥ সাবিত্র্যা বরদানেন যস্মাজ্জাতেয়মুত্তমা। সাবিত্রীতি ততস্তস্যা নাম চক্রে পিতা নৃপ॥ অথ সা রাজভবনে ববৃধে লক্ষণান্বিতা॥ অতীতশৈশবা রাজন্ বভূবাদ্ভুতদর্শনা॥ নচ তাং বরয়ামাস কশ্চিদাগত্য ভূমিপঃ। রাজা চ চিন্তয়াবিষ্টো দুহিতুর্ব্বরকারণাৎ॥ রাজোবাচ। সাবিত্রী শৃণু মদ্বাক্যং বরং বরয় সুব্রতে। স্বদেশে পরদেশে বা বংশজং গুণশালিনং॥ অথ সা পিতুরাজ্ঞাতঃ রথমারুহ্য শোভনং। যযৌ

তপোবনং রম্যং বৃদ্ধামাত্যৈরধিষ্ঠিতং। নানাতপস্বিসংযুক্তমপশ্যদ্বিনয়ান্বিতা॥ তপোবনানি রম্যানি সা বভ্রাম মনোহরা॥ নানাতপস্বিনস্তত্র দদর্শ বিপুলেক্ষণা॥ বানপ্রস্থান বহুবিধান্ রাজর্ষীন্ সংশিতব্রতান্। ততঃ শাল্বপতেঃ পুত্রং দ্যুমৎসেনস্য ভূপতেঃ। মনসা বরয়ামাস সত্যবন্তং স্বকং পতিং॥ অথাজগাম নগরং সা পিতুঃ প্রীতিবর্দ্ধিনী। তস্মিন্ কালেঽথাশ্বপতের্নারদেন সমাগমঃ॥ অথ তং পরিপপ্রচ্ছ দেবর্ষি নারদো নৃপং। কেয়ং কুত্র গতাবেতি তমথ প্রাবদন্নৃপ॥ দেবর্ষি মম কন্যেয়ং সাবিত্রী নামতঃ শ্রুতা। মমৈবানুজ্ঞয়া যাতা তপোবনমনিন্দিতা॥ স্বয়ং বরং বরয়িতুং তদস্যাঃ শ্রূয়তাং বরঃ। এতয়া যোঽভিলসিতঃ স কঃ কীদৃক্ গুণাশ্রয়ঃ। অথ সা নারদেনোক্তা মনোঽভিলষিতং বরং॥ কথয়ামাস মুনয়ে পিত্রে চ বিনয়ান্বিতা॥ সাবিত্র্যুবাচ॥ আসীচ্ছাল্বেষু ধর্ম্মাত্মা দ্যুমৎসেনাহ্বয়ো নৃপঃ। নিজস্থানাত্ততো রাজা ভূমিপালৈঃ পরাজিতঃ। বনং জগামানুগতঃ পত্ন্যা বালসুতেন চ॥ তপস্যাভিরতস্যাথ তস্য পুত্রো গুণাকরঃ। সত্যবান্নাম দেবর্ষে মনসা স বৃতো ময়া॥ এবমুক্তে তয়া পুত্র্যা স রাজা প্রাহ নারদং

রাজোবাচ॥ ভগবন্ কীদৃশো রাজ-পুত্রো বাসৌ বৃতোঽনয়া। কে গুণাস্তত্র বা সন্তি কে দোষাশ্চ মহামুনে॥ এতৎ সর্ব্বমশেষেণ কথয়স্ব মুনে মম। এবমুক্তেঽশ্বপতিনা নারদো বাক্যমব্রবীৎ। মহাত্মা সত্যবান্ বাগ্মী শীলবান্ প্রিয়দর্শনঃ॥ মাতৃপিতৃহিতে যুক্তঃ পণ্ডিতঃ শূরসম্মতঃ। আচারযুক্তঃ সুমনাঃ সত্যবাদী দৃঢ়ব্রতঃ॥ এতে চান্যে চ বহবো গুণাঃ সত্যবতি প্রভো। দোষস্ত্বেকো মহাংস্তত্র গুণানাক্রম্য তিষ্ঠতি॥ অদ্য প্রভৃতি রাজেন্দ্র বর্ষমেকং স সত্যবান্॥ জীবিষ্যতি ততস্ত্বায়ুস্তস্য হানিমবাপ্স্যতি॥ তৎসাবিত্র্যা ন বিহিতং ভদ্রমেতৎ কদাচন। অন্যং বরং বরয়িতুং সাবিত্রী নৃপতেঃ সুতং। এতচ্ছ্রুত্বা তু সাবিত্রী প্রত্যুবাচ শুভাননা। দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নির্গুণোঽপি বা॥ সকৃদ্বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহং। স এব সত্যবান্ ভর্ত্তা ময়া যো মনসা বৃতঃ॥ সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ॥ মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে। ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ॥ নারদেনাথ সাবিত্রী বাক্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ।

এবমুক্ত্বা খমুৎপত্য নারদস্ত্রিদিবং গতঃ। রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ॥ অথাস্যা নিশ্চয়ং বুদ্ধা স রাজাশ্বপতিস্তদা॥ রথমারোপ্য তাং কন্যাং প্রযযৌ সপুরোহিতঃ। তপোবনং মুনিগণৈরাবৃতং কৃতসংস্তুতিং॥ অথ সোহশ্বপতির্গত্বা দ্যুমৎসেনং মহীপতিং। উবাচ নৃপতে কন্যা মমেয়ং বরবর্ণিনী॥ ভবৎসুতং সত্যবন্তং বরয়ামাস চেতসা। স ত্বমেতাং ত্বয়া রাজন্ গৃহাণোপহৃতাং ময়া॥ এ মুক্তো দ্যুমৎসেনঃ প্রত্যুবাচ নৃপস্তদা। বয়ং রাজ্যাৎ পরিভ্রষ্টা ধনহীনাশ্চ সর্ব্বতঃ॥ চক্ষুর্হীনৌ তথাচাবাং দম্পতী বসুধাপতে। অন্ধযষ্টিরয়ং বালস্ত্বৎকন্যার্হো ন ভূপতে॥ অথাশ্বপতিরাচখ্যৌ দ্যুমৎসেনং মহীপতিং। যাদৃশস্তাদৃশো বাস্তু তব পুত্রো মহীপতে॥ তথাপি তব পুত্রায় সুতাং দাস্যামি শোভনাং। অথ সোহশ্বপতিঃ কন্যাং সাবিত্রীং সমলঙ্কৃতাং। দদৌ সত্যবতে রাজা সন্নিধানে তপস্বিনাং॥ দক্ষিণামপি দত্বা গাং সমর্প্য চ সুতাস্তদা। আজগাম স্বনগরং স রাজা স পুরোহিতঃ॥ গতে পিতরি সর্ব্বাণি সংত্যজ্যা-ভরণানি চ। জগৃহে বল্কলান্যেব বস্ত্রং কাষায় মেব চ। অথ সা রাজতনয়া সাবিত্রী সুগুণান্বিতা। শ্বশ্রূশ্বশুরয়োঃ সেবাং ভর্ত্তুরপ্যকরোৎ সদা॥ ভক্ত্যা পরময়া সাথ শ্বশ্রূশ্বশুরয়োঃ সদা। ভর্ত্তুশ্চ

দযিতাহ্যাসীত্তাপসানাঞ্চ সম্মতা ॥ ততঃ সা নাবদবচো ধ্যাযন্তী চ সুচেতসা। গণযামাস দিবসান্ পক্ষং মাসং তথায়নং ॥ ততস্ত্রিরাত্রমাত্রেণ তস্মিন্ সংবৎসবে স্থিতে। শ্বশ্রূশ্বশুরয়োঃ পত্যু-রাজ্ঞাং জগ্রাহ সা সতী। কর্তুং ব্রতং ত্রিবাত্রাখ্যামুপবাসসমন্বিতং ॥ অথ তস্মিন্ দিনে প্রাপ্তে নারদেন নিবেদিতে। সত্যবান্ বিপিনং গন্তুমুপক্রমমথাকবোৎ ॥ স্কন্ধে পবশুমাদায হস্তে কৃত্বা করণ্ডিকাং। ফলং কাষ্ঠং তথা নেতুমাশ্বাস্য পিতবৌ তদা ॥ সাবিত্রী চোদিতে সূর্য্যে কৃত্বা পূর্ব্বাহ্নিকীং ক্রিযাং। সর্ব্বানেব দ্বিজান বৃদ্ধান্ শ্বশ্রূশ্বশুবমেবচ ॥ অভিবাদ্যানুপূর্ব্বেণ প্রাঞ্জলির্নিয়মস্থিতা ॥ অবৈধব্যাশিষস্তেষাং জগ্রাহ বিনয়ান্বিতা ॥ শ্বশুবাবথ সাবিত্রী জগাদৈকান্ত-মাশ্রিতা। বিপিনং দ্রষ্টুমিচ্ছামি সহ ভর্ত্রা কুতূহলাৎ ॥ তামূচতুস্তৌ শ্বশুরৌ পারণাদিবসং তব। অকৃত্বা তাং কথং গন্তুং বনমিচ্ছসি শোভনে ॥ অথ প্রোবাচ সাবিত্রী নেদানীং পারণা মযা। কর্ত্তব্যা সহ ভর্ত্রা তু গন্তব্যং বনমেব হি ॥ সাবিত্র্যুবাচ ॥ অস্তং গতে ময়া সূর্য্যে ভোক্তব্যং ব্রতকাম্যয়া। ন পত্যুঃ সন্নিধৌ ক্লান্তি-র্মম কাচন বিদ্যতে ॥

মার্কণ্ডেয উবাচ। ততোঽনুজ্ঞাং প্রদদতু স্তস্যৈ তৌ শ্বশুবৌ তদা। জগাম সত্যবান্ সোঽপি

বিপিনং সহ ভার্য্যয়া ॥ তত্র গত্বা ফলৈর্বন্যৈঃ স করণ্ডীমপূরয়ৎ। অথ কাষ্ঠং কুঠারেণ পাটয়ামাস সত্যবান্ ॥ তস্য পাটয়তঃ কাষ্ঠং মধ্যাহ্নে মহতী ব্যথা ॥ মূর্দ্ধ্নি জাতা ততঃ সোঽথ সুস্বাপ নৃপনন্দনঃ। সাবিত্র্যা উরুদেশে তু সন্নিবেশ্য শিরস্তদা ॥ অথ সা নারদবচো ধ্যায়ন্তী দৈবতানি চ। জগাম শরণং সাধ্বী ভর্ত্তুর্জীবনবাঞ্ছয়া ॥ অথ সা পাশহস্তঞ্চ কৃষ্ণং রক্তেক্ষণং যমং। দদর্শ সত্যবৎপার্শ্বে স্থিতং বিপুলতেজসং ॥ ততঃ সত্যবতস্তস্য রাজপুত্রস্য দেহতঃ। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাৎ ॥ যমস্তু তং তদা বদ্ধা প্রযাতো দক্ষিণামুখঃ। তদানীং সা চ সাবিত্রী সংভ্রমাক্রান্তমানসা ॥ শনৈঃ শরীরং তদ্ভর্ত্তুর্মৃতং ভূমাবশায়য়ৎ। বিনয়াবনতা ভূত্বা প্রাঞ্জলির্যমমভ্যগাৎ ॥ যত্র পাশেন বদ্ধা তং পতিস্তস্যা যমোঽনয়ৎ ॥ যমউবাচ ॥ ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রি কুরুষাস্যৌর্দ্ধদেহিকং। কৃতং ভর্ত্তুস্ত্বয়ানৃণ্যং যাবদ্গম্যং গতং ত্বয়া ॥ সাবিত্র্যুবাচ। যত্র মে নীয়তে ভর্ত্তা স্বয়ং বা যত্র গম্যতে। ময়া চ তত্র গন্তব্যমেষ ধর্ম্মঃ সনাতনঃ ॥ তপসা গুরুভক্ত্যা চ ভর্ত্তৃস্নেহাদ্‌ব্রতেন চ। তব চৈব প্রসাদেন ন মে প্রতিহতাগতিঃ ॥ ধর্ম্মং প্রধানং মুনয়ো বদন্তি ধর্ম্মাধিকং ত্বামপি চামনন্তি। সর্ব্বস্য লোকস্য হৃদয়ঞ্চরোহি সর্ব্বে ততস্ত্বাং শরণং

প্রপন্নাঃ। অথ তুষ্টো যমঃ প্রাহ সাবিত্রীং সত্যবাদিনীং। বরং বরয় সুশ্রোণি সত্যবজ্জীবনাদৃতে॥ সাবিত্র্যুবাচ। মমাক্ষৌ শ্বশ্রুশশুরৌ তপোবনমুপাগতৌ। সচক্ষুষৌ ভবেতাং তৌ ত্বৎ প্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব গচ্ছ শ্বশুরয়োর্গৃহং। শ্রমস্ত্বামস্পৃশৎ ভদ্রে ত্বাং গ্লানামিব লক্ষয়ে॥ সাবিত্র্যুবাচ॥ শ্রমঃ কুতো ভর্তৃসমীপতো মে যতো হি ভর্ত্তা মম সা গতি-র্ধ্রুবা। যতঃ পতিং নেষ্যসি তত্র মে গতি র্দেবেশ ভুয়োঽপি বচো নিবোধ মে॥ সতাং সুহৃৎ সঙ্গতমীপ্সিতং পরং ততঃ পরং মিত্রমিতি প্রচক্ষতে। ন চাফলা সৎপুরুষেণ সঙ্গতিঃ অতঃ সতাং সন্নিবসেৎ সমাগমে॥ যম উবাচ। তুষ্টোঽস্মি তেঽনয়া বাচা বরং বরয় সুব্রতে। ঋতে সত্যবতো জীবাদ্ যদিচ্ছসি দদামি তৎ। সাবিত্র্যুবাচ। হৃতং পুরা মে শ্বশুরস্য বৈরিভিঃ স্বমেব রাজ্যং লভতাং স পার্থিবঃ। জহ্যাৎ স্বধর্ম্মং নচ মে গুরুর্যথা দ্বিতীয়মেতৎ বরয়ামি তে বরং॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব ত্বং সাবিত্রি স্বমন্দিরং॥ সাবিত্র্যুবাচ। অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা। অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ॥ সন্তস্ততোঽপ্যমিত্রেষু দয়াং প্রাপ্তেষু কুর্ব্বতে॥ যম উবাচ। জীবনেন বিনা ভর্ত্তুর্বরং বৃণু

শুভাননে। তৃতীয়স্তে বরং ভদ্রে দদামি প্রীতিমান্ ভৃশং॥ ততোঽপি বরয়ামাস ধর্ম্মরাজং পতিব্রতা। পুত্রহীনো মম পিতা তস্য পুত্রশতম্ভবেৎ॥ যম উবাচ। কুলস্য সন্তানকরং পিতুঃ পুত্রশতম্ভবেৎ। ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রী দূরং পন্থানমাগতা॥ সাবিত্র্যুবাচ। বিবস্বতস্ত্বং তনয়ঃ প্রতাপবান্ ততোঽথ বৈবস্বত উচ্যতে বুধৈঃ। সমেন ধর্ম্মেন চ রঞ্জিতাঃ প্রজা-স্ততস্তবেহেশ্বর ধর্ম্মরাজতা॥ আত্মন্যপি চ বিশ্বাসস্তথা ভবতি সৎসু যঃ। তস্মাৎ সৎসু বিশেষেণ সর্ব্বপ্রণয়মৃচ্ছতি॥ যম উবাচ। পরিতুষ্টোঽস্মি ভদ্রে তে চতুর্থন্তু বরং বৃণু। বিনা সত্যবতঃ প্রণান্ যদিচ্ছসি দদামি তৎ॥ সাবিত্র্যুবাচ। অস্য সত্যবতঃ পুত্রশতমৌরসসম্ভবং। জায়তাং ময়ি দেবেশ ত্বৎপ্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। ভবিষ্যত্যেবমেবং হি পরিতুষ্টো দদামি তে। অতিদূরং সমায়াতা নিবর্ত্তস্ব স্বমন্দিরং॥

সাবিত্র্যুবাচ। সতাং সদা শাশ্বত-ধর্ম্মবৃত্তিঃ সন্তো ন সীদন্তি ন চ ব্যথন্তে। সতাং সদ্ভির্নাফলঃ সঙ্গমোঽস্তি সদ্ভ্যো ভয়ং নানুবিন্দন্তি সন্তঃ॥ সন্তো হি সত্যেন নয়ন্তি সূর্য্যং সন্তো ভূমিং তপসা ধারয়ন্তি। সন্তোগতির্ভূতভব্যস্য রাজন্ সতাং মধ্যে নাবসীদন্তি সন্তঃ।

ন কাময়ে ভর্ত্তৃ বিনা কৃতার্থতাং ন ভর্ত্তৃহীনা ব্যবসামি জীবিতং॥ ত্বয়ৈব দত্তঃ শতপুত্রতাং বরঃ কথং ত্বয়া মে ম্রিয়তে পতিঃ পুনঃ॥ বরং বৃণে জীবতু সত্যবানয়ং স্বমেব সত্যং বচনং কুরুষ্ব তে॥

মার্কণ্ডেয় উবাচ। এবমুক্তস্তু সব্রীড়ো যমঃ পাশাদমোচয়ৎ। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং সত্যবদ্দেহ-নিঃসৃতং॥ ধর্ম্মরাজঃ প্রহৃষ্টাত্মা সাবিত্রীমিদমব্রবীৎ। এষ ভদ্রে সমাযুক্তো ভর্ত্তা তে কুলনন্দিনি॥ চতুর্ব্বর্ষং শতায়ুশ্চ ত্বয়া সার্দ্ধমবাপ্স্যতি। ইষ্টা যজ্ঞৈশ্চ ধর্ম্মেণ খ্যাতির্লোকে ভবিষ্যতি॥ ত্বয়ি পুত্রশতঞ্চৈব সত্যবান্ জনয়িষ্যতি। এবং তস্যৈ বরং দত্ত্বা ধর্ম্মরাজঃ প্রতাপবান্। নিবর্ত্তয়িত্বা সাবিত্রীং স্বমেব ভবনং যযৌ॥ সাবিত্র্যপি জগামাশু যত্র সুপ্তঃ স সত্যবান্। স চেতনাং প্রাপ্য ততঃ সত্যবাংস্তামভাষত। চিরং সুপ্তোঽস্মি দয়িতে ত্বয়া কিং ন বিবোধিতঃ॥ ক্ব চাসৌ পুরুষঃ শ্যামো যোঽসৌ মাং সঙ্কর্ষ হ॥ সাবিত্র্যুবাচ॥ অথ তং প্রাহ সাবিত্রী কথয়িষ্যামি তে কথাং। পশ্চাদহমিমাং সর্ব্বা-মিদানীং স্থৈর্য্যবাগ্ভব। বিশ্রান্তোঽসি মহাভাগ কথয়িষ্যামি তেঽখিলাং। যদি শক্য ত্বমুত্তিষ্ঠ বিগাঢ়াং পশ্য সর্ব্বরীং॥ মার্কণ্ডেয় উবাচ। উপলভ্য ততঃ সংজ্ঞাং সত্যবান্ সমচিন্তয়ৎ। কথমদ্য গমিষ্যামি

পিত্রোরন্তিকমাকুলঃ॥ করণ্ডিকা ফলৈঃ পূর্ণা কাষ্ঠভারশ্চ তিষ্ঠতু। রক্ষার্থমেতৎ পরশুং গৃহীত্বা গম্যতাং শুভে॥ অন্যথা কা গতিস্তত্র পিত্রোরদ্য ভবিষ্যতি। ততস্তমাহ সাবিত্রী ব্রজাবো যদি মন্যসে॥ ততস্তাং সত্যবানাহ পরশুং ত্বং গৃহাণ মে। পলাশষণ্ডে সাবিত্রি পন্থা ব্যবর্ত্ততে দ্বিধা॥ তত্রোত্তরেণ যঃ পন্থা তেন গচ্ছ ত্বমাশু চ। এতস্মিন্নেব কালে তু দ্যুমৎসেনো মহীপতিঃ॥ লব্ধচক্ষুস্তদা রাত্রৌ শৈব্যয়া সহ ভার্য্যয়া। আশ্রমাংস্তাপসানাঞ্চ ব্যচরৎ পুত্রলিপ্সয়া॥ স শুশোচাতিদুঃখার্ত্তঃ পুত্রং তাঞ্চ শুভাং বধূং। স গৌতমাদিভির্বিপ্রৈঃ শাস্তিতঃ শোককর্ষিতঃ॥ সর্ব্বে তমূচুর্ম্মুনয়ো ন শোকং কুরু ভূপতে। যদাস্য ভার্য্যা সাবিত্রী শীলাচারসমন্বিতা॥ যথা চ তে দৃশোর্লাভশ্চিরঞ্জীবতি সত্যবান্। এতস্মিন্নেব কালে তু সাবিত্র্যা সহ ভার্য্যায়া। সত্যবানাগতস্তত্র পিত্রোঃ প্রীতিং বিবর্দ্ধয়ন্॥ অথ তৈঃ সর্ব্বৈঃশৈ-র্বিপ্রৈঃ স্পৃষ্টস্ত্বং কেন হেতুনা। দিবসে ন সমায়াতঃ পিতরৌ তব দুঃখিতৌ। ততঃ স কথয়ামাস শিরঃপীড়াদিকং তথা॥ ততস্তে বিপ্রসংঘাশ্চ সাবিত্রীমিদমব্রুবন্। কথয়স্বাদ্য সাবিত্রি বৃত্তান্তং যদ্বনেঽভবৎ॥ ততঃ সা কথয়ামাস যমসন্দর্শনাদিকং॥ চক্ষুর্লাভঞ্চ রাজ্যঞ্চ

দ্বৌ বরৌ শ্বশুরস্য মে ॥ পিতুঃ পুত্রশতঞ্চৈব পুত্রাণাঞ্চাত্মনঃ শতং। চতুর্ব্বর্ষশতায়ুশ্চ ভর্ত্তুঃ প্রাপ্তং যথা যমাৎ॥ তচ্ছ্রুত্বা পরমপ্রীতা বিপ্রাঃ স্বস্য গৃহং যযুঃ। সত্যবানপি সংপ্রাপ্তঃ পিতৃভ্যাং সহ ভার্য্যয়া॥ অথ রাত্রৌ ব্যতীতায়াং সঙ্গতাস্তে তপোধনাঃ। কৃতপূর্ব্বাহ্নিকাস্তত্র সাবিত্রীং প্রশশংসিরে॥ শাল্বদেশাদথামাত্যা দ্যুমৎসেনং মহীপতিং। আগত্যোচুর্ম্মহারাজ স্বামাত্যেন হতো রিপুঃ॥ তব পূর্ব্বেণ সত্যেন বয়মদ্যাগতা ইহ। অচক্ষুর্বা সচক্ষুর্ব্বা ত্বং রাজা ভব ভূপতে॥ ততস্তৈরভ্যনুজ্ঞাতো ব্রাহ্মণৈঃ স মহীপতিঃ। তৈরমাত্যৈঃ পরিবৃতো মহাদেব্যা চ শৈব্যয়া॥ পুত্রেণ চ তথা বধ্বা সাবিত্র্যা শীলযুক্তয়া। যযৌ স্বপুরমব্যগ্রো হর্ষসংপূর্ণমানসঃ। তত্র গত্বা দ্যুমৎসেনং সত্যবন্তং প্রিয়ং সুতং। যৌবরাজ্যে মহারাজ স্থাপয়ামাস ধর্ম্মতঃ॥ সাবিত্র্যাশ্চাপি কালেন জজ্ঞে পুত্রশতং বরং। ভ্রাতৃণাঞ্চ শতং জাতং সোদর্য্যাণাং মহাত্মনাং॥

এবমাত্মা পিতা মাতা শ্বশ্রুশ্চ শ্বশুরঃ পতিঃ। ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা সর্ব্বং কৃচ্ছ্রাৎ সমুদ্ধৃতং। এবমেষাপি পাঞ্চালী শীলাচারসমন্বিতা। তারয়িষ্যন্তি বঃ সর্ব্বান্ সাবিত্রীব বরাঙ্গনা॥ এবমাশ্বাসিতস্তেন মার্কণ্ডেয়েন ধীমতা। যুধিষ্ঠিরঃ প্রীতমনাঃ কামকেঽপ্যবসদ্বনে॥

য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা সাবিত্র্যাখ্যানমুত্তমং। স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ॥ শৃণ্বন্তি যাঃ স্ত্রীয়শ্চৈতৎ সাবিত্রী চরিতং শুভং। সুসৌভাগ্য-মবৈধব্যং লভন্তে সন্ততি শুভাং। যমার্ত্তস্য ভয়ং নাস্তি বিষ্ণুলোকে মহীয়তে॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি সাবিত্রীব্রতকথা সমাপ্তা॥ ওম্ তৎ সৎ।

সাবিত্রীব্রতকথা ব্যাখ্যা—একদা বনবাস প্রাপ্ত রাজা যুধিষ্ঠির মহাত্মা মার্কণ্ডেয়কে বিনীতভাবে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে ভগবন্! আপনি দীর্ঘজীবি এই হেতু পূর্ব্বাপর সকলই অবগত আছেন, আপনি দ্রৌপদীর ন্যায় পতিব্রতা নারী কি দেখিয়াছেন; যিনি মহৎকষ্ট পাইয়াও ভর্ত্তৃদিগের উদ্ধার সাধনে তৎপরা। রাজার অভিপ্রায় বুঝিয়া মহর্ষি মার্কণ্ডেয় একটি প্রাচীন উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন। মার্কণ্ডেয় বলিলেন, মদ্রদেশে শীলাচার সম্পন্ন অশ্বপতি নামক রাজা ছিলেন, তাঁহার পত্নীর নাম মালতী, দীর্ঘকাল সন্তান না হওয়ায় রাজা দুই দিবস অন্তে তৃতীয় দিবস রাত্রিকালে পরিমিত ভোজন এবং অন্যান্য বিশেষ নিয়মদ্বারা চতুর্দ্দশবর্ষ পর্য্যন্ত সাবিত্রীর উপাসনা করায় সাবিত্রীদেবী প্রত্যক্ষ হইয়া একটি বংশস্থিতিকারিণী উত্তমা কন্যা হইবার

বর প্রদান করেন। কিয়ৎকাল পরে মালবীদেবী একটি কন্যারত্ন প্রসব করেন, সাবিত্রীর বরদানহেতু সেই কন্যা অত্যুজ্জ্বলপ্রভা বিশিষ্টা জন্মিয়াছিল এজন্য উহার নামও "সাবিত্রী" রক্ষিত হইল, ক্রমশঃ শশিকলার ন্যায় বৃদ্ধি-প্রাপ্ত হইয়া সেই কন্যা যৌবনকালে অদ্ভুত দর্শনা ও তেজঃসম্পন্না হওয়ায় কোন ব্যক্তি তাঁহাকে বিবাহ করিতে সাহসী হইলেন না, তদ্দর্শনে অশ্বপতি চিন্তাব্যাকুলিত হইয়া কন্যাকে স্বকীয় বর অন্বেষণে প্রেরণ করেন, পিতৃ আজ্ঞাক্রমে সাবিত্রী বৃদ্ধমন্ত্রী সমভিব্যাহারে পরমরমণীয় তপোবনে বিচরণজন্য গমন করিয়াছিলেন এবং তথায় রাজর্ষি ও মহর্ষিদিগের আশ্রম পর্য্যটনপূর্ব্বক রাজর্ষি দ্যুমৎসেনের পুত্র সত্যবানকে স্বীয় পতিস্বরূপে মনে মনে বরণ করিয়া স্বকীয় পিতৃরাজ্যে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন. সেই সময়ে মহর্ষি নারদ মহাশয় অশ্বপতির সভায় উপস্থিত থাকায় তিনি রাজাকে জিজ্ঞাসা করিলেন, এটি কে ? এবং কোথা হইতে আসিয়াছেন, রাজা কহিলেন, এটি আমারই কন্যা আমারই অনুজ্ঞাক্রমে স্বয়ং বর অন্বেষণ জন্য তপোবনে গিয়াছিলেন, অতএব আপনি ইহার বাক্যশ্রবণ করুন এবং এই কন্যার অভিলষিত বর গুণবান্ কিনা এবং বিশেষ কি দোষ আছে তাহা বলুন ? পরে নারদের আজ্ঞাক্রমে সাবিত্রী সত্যবানের বৃত্তান্ত বলিলেন, দেবর্ষি রাজাকে বলিতে লাগিলেন, মহাত্মা সত্যবান্ সুশীল ধার্ম্মিক এবং পণ্ডিত কিন্তু বহুগুণের আশ্রয় হইলেও সত্যবানের যে একটি মহৎদোষ আছে, তাহা সমস্ত গুণকেই আক্রমণ করিয়াছে, হে রাজর্ষি, অদ্য হইতে একবৎসর কালমাত্র সত্যবানের পরমায়ু

বিদ্যমান থাকিবে, অতএব সাবিত্রী এরূপ অল্পায়ু ব্যক্তিকে ত্যাগ করিয়া অন্যকে বরণ করুন ; সাবিত্রী নারদের বাক্য শুনিয়া অবিচলিত চিত্তে কহিতে লাগিলেন, সত্যবান্ দীর্ঘায়ু হউন বা অল্পায়ু হউন তাঁহার গুণ থাকুক বা না থাকুক তিনিই আমার ভর্ত্তা তাঁহাকেই আমি মনদ্বারা বরণ করিয়াছি। অংশ একবার পাওয়া যায়, কন্যা একবার দেওয়া হয়, দদানি বাক্যও একবার উচ্চারিত হয়, এই তিনটি কার্য্য একবারই হইয়া থাকে এবং কার্য্য মনেতে নিশ্চয় করিয়া পরে বাক্যে প্রকাশ তৎপরে কর্ম্মদ্বারা তাহার অনুষ্ঠান করিতে হয়।

নারদ নানাবিধ বাক্যে বুঝাইলেও সাবিত্রী সংকল্প ত্যাগ করিলেন না। তদ্দর্শনে নারদ সন্তুষ্ট হইয়া রাজাকে বলিলেন, আপনার কন্যা স্থির বুদ্ধি ইহাকে নিবারণ করিতে পারিবেন না এবং সত্যবানের ন্যায় গুণবান্ পাত্র আর নাই সুতরাং সত্যবানকেই এই কন্যা প্রদান করা উচিত, ইহা বলিয়া নারদ স্বর্গে প্রস্থান করিলেন। রাজা এই বিবাহ নিশ্চয় বুঝিয়া উদ্যোগ পূর্ব্বক কন্যাকে রথে লইয়া পুরোহিত সমভিব্যাহারে বনমধ্যে অশ্বপতির আশ্রমে গমন করিয়া রাজাকে বলিলেন, মহারাজ আমার কন্যা আপনকার পুত্র সত্যবানকে মনদ্বারা পতিত্বে বরণ করিয়াছে, অতএব আপনি ইহাকে গ্রহণ করুন ; ইহা শুনিয়া দ্যুমৎসেনঃ অশ্বপতিকে বলিয়াছিলেন, আমরা এক্ষণে রাজ্যভ্রষ্ট হইয়া ধনহীন হইয়াছি বিশেষতঃ স্ত্রীপুরুষ আমরা উভয়েই অন্ধ সুতরাং অন্ধযষ্টি স্বরূপ বালক সত্যবান্ তোমার কন্যার যোগ্য হইতে পারে না। ইহা শুনিয়া, অশ্বপতি কহিলেন,

আপনার পুত্র যেরূপ হউন তাঁহাকেই আমি কন্যাদান করিব। রাজা এই কথা বলিয়া তপস্বিবৃন্দ সন্নিধানে সমলঙ্কৃতা সাবিত্রীকে সত্যবানের করে অর্পণ করিয়া এবং গো দক্ষিণা দিয়া স্বরাজ্যে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন, অতঃপর সাবিত্রী আভরণাদি ত্যাগ করিয়া বল্কল ও কাষায় বস্ত্র গ্রহণ পূর্ব্বক শ্বশুর শাশুড়ি এবং স্বামীর সেবায় রত হইয়াছিলেন, তাঁহার সেবায় ও সদ্ব্যবহারে বনবাসীগণও পরিতুষ্ট হইয়াছিলেন।

তৎপরে, সেই বিবাহ বৎসরের তিনদিন মাত্র অবশিষ্ট আছে জানিয়া, সাবিত্রী সতী শ্বশুর শাশুড়ির অনুমতি লইয়া ত্রিরাত্র নামক ব্রতের অনুষ্ঠান করিয়া উপবাসী থাকিলেন, পরে সেই নারদ কথিত দিন উপস্থিত হইলে কাষ্ঠ ও ফলাদি আহরণ জন্য সত্যবান কুঠার হস্তে করণ্ডিকাদি লইয়া বনমধ্যে গমন করিতে উদ্যত হইলেন তদ্দর্শনে সাবিত্রী পূর্ব্বাহ্ন ক্রিয়া সমাধা করিয়া সমস্ত দ্বিজ বৃদ্ধদিগকে অভিবাদন পূর্ব্বক অবৈধব্য বর লাভানন্তর শ্বশুর শাশুড়ীকে বন দর্শন লালসা জানাইলেন, তাহা শুনিয়া তাঁহারা কহিলেন, অদ্য পারণা না করিয়া কি প্রকারে যাইবে, সাবিত্রী কহিলেন, আমি বন ভ্রমণ করিয়া আসিয়া রাত্রিকালে পারণ করিব, পতির নিকটে থাকিলে আমার কষ্ট হইবে না।

মার্কণ্ডেয় বলিয়াছিলেন। তৎপরে, সাবিত্রী শ্বশুর শাশুড়ীর অনুমতিক্রমে সত্যবানের সমভিব্যাহারে বনে গমন করিলেন, সত্যবান্ বনমধ্যে ফল সঞ্চয় ও কাষ্ঠ আহরণ করিতে লাগিলেন, অতঃপর মধ্যাহ্ন

কাল উপস্থিত হইলে হটাৎ সত্যবানের মস্তকে অতিশয় বেদনা অনুভব হওয়ায় তিনি সাবিত্রীর উরুদেশে মস্তক রক্ষা করিয়া শয়ন করিলেন। তৎকালে সাবিত্রী নারদ বাক্যক্রমে, ভীতচিত্তে (পতির জীবন আশায়) দেবতাদিগকে স্মরণ করিতে লাগিলেন এবং কিঞ্চিৎকাল বিলম্বে দেখিতে পাইলেন, সত্যবান্ পার্শ্বে অবস্থিত কৃষ্ণকায় রক্তলোচন তেজঃপুঞ্জঃময় যম সত্যবানের অঙ্গুষ্ঠমাত্র আত্মাকে বলপূর্ব্বক নিষ্কর্ষণ করিয়া লইয়া যাইতেছেন, তদ্দর্শনে সাবিত্রী সচকিত হইয়া সাবধানে স্বামির দেহ ভূমিতে রাখিয়া, কৃতাঞ্জলি হইয়া দক্ষিণাভিমুখে যমের অনুগমন করিতে লাগিলেন। যম বলিলেন হে সাবিত্রি! নিবৃত্ত হইয়া স্বামির ঔর্দ্ধদেহিক কার্য্য কর, মানবেরা যেপর্য্যন্ত আসিতে পারে তাহা তুমি আসিয়াছ। সাবিত্রী বলিলেন, আমার স্বামি যেখানে অপনীত হইতেছেন আমার সেই থানেই যাওয়া উচিত, আপনার প্রসাদে তপস্যা গুরুভক্তি ভর্তৃস্নেহ এবং ব্রতফল দ্বারা আমার গতি রোধ হইবে না, মুনিগণ বলিয়া থাকেন জগতে ধর্ম্মই প্রধান আপনি সেই ধর্ম্মের অধিপতি, আপনি ধর্ম্মরূপে সকলের হৃদয়ে বিহার করেন, সেই জন্যই সকলে বিপন্ন হইলে আপনারই আশ্রয় লয়। যম সন্তুষ্ট হইয়া বলিলেন, হে সাবিত্রি! সত্যবানের জীবন ভিন্ন তুমি বর প্রার্থনা কর, সাবিত্রী বলিলেন, আমার শ্বশুর শাশুড়ী অন্ধ হইয়া তপোবনে আছেন আপনার প্রসাদে তাঁহাদিগের চক্ষুলাভ হউক, যম বলিলেন, তাহাই হইবে এক্ষণে শ্বশুর গৃহে গমন কর যেহেতু তুমি অতিশয় পরিশ্রান্তা হইয়াছ। সাবিত্রী কহিলেন,

ভর্ত্তার সমীপে থাকিয়া আমার শ্রম কোথায় যেহেতু স্বামিই সতীর গতি, আমার পতিকে যথায় লইয়া যাইবেন আমার গমনও তথায় হইবে, হে দেবেশ! পুনশ্চ আমার বাক্য শ্রবণ করুন; সাধুসঙ্গ একবার লাভ হওয়াও পরম বাঞ্ছনীয় সেই হেতু সজ্জনই পরম মিত্র, সৎপুরুষের সহিত মিলন কখনই ফিল হয় না, এই জন্য সাধু সমীপে অবস্থান করাই প্রয়োজন। যম বলিলেন, তোমার বাক্যে পরিতুষ্ট হইলাম, সত্যবানের জীবন ব্যতীত যে বর প্রার্থনা করিবে তাহাই দিব। সাবিত্রী বলিলেন, শত্রু কর্ত্তৃক আমার শ্বশুরের, অপহৃত রাজ্য পুনর্ব্বার লাভ হউক এবং তাঁহার স্বধর্ম্মে মতি থাকুক, এই দ্বিতীয় বর প্রার্থনা করি। যম বলিলেন তাহাই হইবে, সাবিত্রী তুমি নিবৃত্ত হইয়া গৃহে যাও, সাবিত্রী বলিতে লাগিলেন, কর্ম্ম বাক্য ও মন দ্বারা হিংসা না করিয়া সর্ব্বজীবের প্রতি অনুগ্রহ করা এবং তাহাদিগের অভাব মোচন জন্য দান করাই সনাতন ধর্ম্ম, সেই জন্য সাধু-গণ শত্রুকে পাইলেও দয়া করিতে ত্রুটি করিবেন না। যম বলিলেন হে ভদ্রে! তুমি তৃতীয়বার বর প্রার্থনা কর; আমি অতিশয় প্রীত হইয়াছি। পতিব্রতা সাবিত্রী ধর্ম্মরাজের নিকট প্রার্থনা করিলেন, আমার পুত্র-হীন পিতার শত পুত্র হউক। যম বলিলেন, তোমার পিতার বংশবৃদ্ধি হউক, তাহার একশত পুত্র হইবে; এক্ষণে তুমি নিবৃত্ত হও; বহুদূরে আসিয়াছ।

সাবিত্রী বলিতে লাগিলেন, আপনি বিবস্বতের (সূর্য্যের) প্রতাপশালী পুত্র এজন্য পণ্ডিতেরা আপনাকে

বৈবস্বত বলেন এবং সমান ধর্ম্ম অর্থাৎ ন্যায়বিচার দ্বারা প্রজারঞ্জন করেন তজ্জন্য আপনার নাম ধর্ম্মরাজ সাধুর প্রতি আত্মবৎ বিশ্বাসই হইয়া থাকে সেই জন্যই সকলেই সাধুর সহিত প্রণয় ইচ্ছা করেন, যম বলিলেন, আমি পরিতুষ্ট হইলাম, হে ভদ্রে! তুমি সত্যবানের জীবন ব্যতীত চতুর্থ বর প্রার্থনা কর, সাবিত্রীদেবী (অবসর বুঝিয়া) বলিলেন, হে সূর্য্যজ তোমার প্রসাদে এই সত্যবানের ঔরসে আমার শতপুত্র লাভ হউক; যম (মহাপ্রভাবশালিনী অবলার যুক্তিসঙ্গৎ সুমধুর বাক্‌জালে মুগ্ধপ্রায় হইয়া) বলিলেন, তোমার প্রার্থিত অভিলাস পূর্ণ হইবে, তুমি গৃহে গমন কর; যেহেতু অতিদূরে আসিয়া পড়িয়াছ। সাবিত্রী বলিলেন, সাধুদিগের ধর্ম্ম প্রবৃত্তি সমভাবেই নিত্য বিবাজিত থাকে তাহা কখনই অবসন্ন বা গ্লানিযুক্ত হয় না, পণ্ডিতেরা সজ্জন হইতে কোন ভয়ের আশঙ্কাও করেন না, সাধুগণ সত্যদ্বারা ও তপস্যাদ্বারা সূর্য্য ও পৃথিবীকে ধারণ করিতেছেন, তাঁহারা ভূত ভবিষ্যতের গতি, যেহেতু তাঁহারা সর্ব্বদাই অনবসন্ন, পতি ব্যতীত আমি কৃতার্থতা মনে করি না পতিহীনা হইয়া আমি বাঁচিতে ইচ্ছা করি না, আপনিই আমাকে শতপুত্র লাভের বর দিলেন তবে কিজন্য আমার পতিকে হরণ করিতেছেন, আমি বর যাচ্ঞা করি সত্যবাক্ হউন, আপনার বাক্যও পুনবার আপনি সত্য করুন, মার্কণ্ডেয় বলিলেন, সাবিত্রীর বাক্য শ্রবণে লজ্জিত হইয়া যম পাশবন্ধন হইতে সত্যবানের অঙ্গুষ্ঠমাত্র আত্ম' জীবনকে পরিত্যাগ করিলেন এবং ধর্ম্মরাজ প্রহৃষ্ট হইয়া বলিলেন, হে ভদ্রে।

তোমার ভর্ত্তাকে মোচন করিলাম। এই সত্যবান এবং তুমি চারিশত বর্ষ পরমায়ু লাভ করিয়া, জগতে নানাবিধ অনুষ্ঠানদ্বারা খ্যাতিলাভ করিবে এবং তোমার গর্ব্ভে সত্যবানের ঔরসে শতপুত্র উৎপন্ন হইবে। ধর্ম্মরাজ এই সকল বাক্যে সাবিত্রীকে নিবৃত্তি করাইয়া প্রস্থান করিলে, সাবিত্রীদেবী ত্বরায় ভর্ত্তার দেহ সন্নিকটে আগমন করিলেন। সত্যবান চৈতন্যলাভ করিয়া সাবিত্রীকে বলিলেন, আমি দীর্ঘকাল নিদ্রিত হইয়াছিলাম, তুমি ডাক নাই কেন? সেই শ্যামবর্ণ পুরুষ যিনি আমাকে বন্ধন কবিতেছিলেন তিনি কোথায়? তাহা শুনিয়া সাবিত্রী বলিলেন, আপনি বিশ্রাম করুন, পরে সমস্ত বলিব, যদি সমর্থ হন তবে উঠুন, ঘোরা রজনী সমুপস্থিত। মার্কণ্ডেয় বলিলেন, সত্যবান চৈতন্যলাভ করিয়া আশ্রমে যাইবার জন্য ব্যাকুল হইয়া সাবিত্রীকে কুঠার হস্তে করিয়া অগ্রে যাইতে বলিবেন। এ দিকে দ্যুমৎসেন ও শৈব্যা চক্ষুলাভ করিয়া তপস্বী দিগের আশ্রমে কাতর হৃদয়ে সাবিত্রী সত্যবানের অন্বেষণ করিতে লাগিলেন, মুনিগণ দুঃখিত দম্পতী যুগলকে সান্ত্বনা করিতেছেন এই সময় ভার্য্যার সহিত সত্যবান তথায় সমুপস্থিত হইলেন। তাঁহাদিগকে দেখিয়া সকলে বিলম্বের কারণ জিজ্ঞাসা করায় সত্যবান শিরঃপীড়াদির বিষয় বলিলেন এবং সাবিত্রী যম সন্দর্শন প্রভৃতি বিশেষ বিবরণ বলিলেন, তৎশ্রবণে সকলে সাবিত্রীকে প্রশংসা করিয়া আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন।

পরদিবস শাল্বদেশ হইতে অমাত্যগণ আসিয়া রাজাকে বলিলেন, আমরা শত্রুকে নষ্ট করিয়াছি, আপনাকে আমরা রাজা করিব। রাজা অমাত্য ও স্বীয় পরিজন সমভিব্যাহারে রাজ্যে প্রত্যাবর্ত্তন করিয়া সত্যবান্‌কে যুবরাজ করিলেন কালক্রমে সাবিত্রীর শতপুত্র ও শতভ্রাতা হইল এবং উভয়ে দীর্ঘজীবী হইয়া রাজ্যাদি ভোগ করিলেন। মার্কণ্ডেয় বলিলেন, এই সাবিত্রী পিতা মাতা ও ভর্ত্তাকে যে প্রকারে উদ্ধার করিয়াছিলেন, পাঞ্চালীও তোমাদিগকে তদ্রূপ সর্ব্বদুঃখ হইতে মুক্ত করিবেন, ইহা বলিয়া মার্কণ্ডেয় প্রস্থান করিলেন, তৎশ্রবণে যুধিষ্ঠিরও সন্তুষ্ট হইলেন। যে ব্যক্তি এই উপাখ্যান শুনিবেন তিনি সর্ব্বদুঃখ মুক্ত হইবেন এবং নারীগণ ইহা শুনিলে অবৈধব্য ও সৌভাগ্য লাভ করিবেন।

সমাপ্ত।